গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.১৫.০৬৭(এ).২১- ১৯৪৪

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪২৯
২৬ নভেম্বর ২০২৩

প্রেরক : তানজিলা খানম
উপসচিব।

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয় : গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলাধীন সরকারিকরণকৃত শহীদ তাজউদ্দিন আহমদ ডিগ্রি কলেজ-এর জন্য বিভিন্ন ক্যাটাগরির ০১ (এক) টি পদ সৃজন।

মহোদয়,

আদিষ্ট হয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩ মে ২০০৩ তারিখের মপবি/ক:বি:শা:/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশের পরিপ্রেক্ষিতে গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলাধীন সরকারিকরণকৃত শহীদ তাজউদ্দিন আহমদ ডিগ্রি কলেজ-এর জন্য শিক্ষক-কর্মচারীর নিম্নবর্ণিত ০১ (এক) টি পদ বর্ণিত শর্তে রাজস্বখাতে অস্থায়ীভাবে ০৮ আগস্ট ২০১৮ তারিখ হতে ৩১ মে ২০১৯ তারিখ পর্যন্ত সৃজনে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

| ক্রমিক | পদের নাম, বিষয় ও সংখ্যা | অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল'১৫ অনুযায়ী) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৩) | প্রভাষক (নন-ক্যাডার) : হিসাববিজ্ঞান-০১টি | ৳ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | নন-ক্যাডার (সাধারণ শিক্ষা) নিয়োগবিধির অবর্তমানে বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর তফসিলের ১৩ ক্রমিকে উল্লেখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| | বেতনগ্রেড নির্ধারণকৃত সর্বমোট পদ : ০১ (এক) টি | | |

শর্তাবলী :

১) এ শিক্ষা প্রতিষ্ঠানের কোনো আত্তীকৃত শিক্ষককে অন্য কোনো শিক্ষা প্রতিষ্ঠানে বদলি করা যাবে না;

২) অফিসের বিদ্যমান টিওএন্ডই'তে নতুন সৃজিত পদগুলি স্থায়ী/অস্থায়ী হিসেবে অন্তুর্ভক্ত করে টিওএন্ডই হালনাগাদ করতে হবে;

৩) প্রাপ্যতার অধিক পদে কর্মরত শিক্ষক ও অন্যান্য পদে কর্মরত/আত্তীকৃত কর্মচারীর ক্ষেত্রে পদত্যাগ/অবসর/বরখাস্ত/মৃত্যুজনিত কারণে পদ শূন্য হলে শূন্য হওয়ার তারিখ থেকে উক্ত পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে। প্রশাসনিক মন্ত্রণালয় এ সংক্রান্ত আদেশ জারি করবে এবং পদ বিলুপ্তকরণের আদেশের অনুলিপি জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

৪) শিক্ষক-কর্মচারীদের আত্তীকরণের ক্ষেত্রে বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করতে হবে;

৫) যে সব পদ নিয়োগ বিধিতে নেই সে সকল পদ নিয়োগ বিধিতে অন্তর্ভুক্ত করতে হবে;

৬) 'আউট সোর্সিং' প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮'-তে উল্লিখিত সেবা তালিকার অন্তর্ভুক্ত পদসমূহে নিয়োগকৃত কর্মচারীর ক্ষেত্রে পদত্যাগ/অবসর/বরখাস্ত/মৃত্যুজনিত কারণে পদ শূন্য হলে পদ শূন্য হওয়ার তারিখ থেকে উক্ত পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে;

৭) শিক্ষক ও অশিক্ষক কর্মচারীগণকে আত্তীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় যাবতীয় তথ্যাদি/ কাগজপত্রের সত্যতা ও গ্রহণযোগ্যতা সম্পর্কে নিশ্চিত হয়ে প্রশাসনিক মন্ত্রণালয় পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে।

৩। উল্লিখিত পদের ব্যয় ভার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট অর্থ বছরের নির্ধারিত খাত হতে বহন করা হবে।

৪। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৩১ মে ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৫৫.১৫.০৭৬.২১-৪৮৫, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের ২২ নভেম্বর ২০২২ তারিখের ০৭.০০.০০০০.১৫৩.১৫.০৬০.২১-১০৯৩, অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ২৩ জানুয়ারি ২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১৬২.৩৭.০২২.২১-৪২ মন্ত্রিপরিষদ বিভাগের (প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১ অধিশাখা) ৩১ অক্টোবর ২০২৩ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০২৩.২৩.২১০ সংখ্যক স্মারকের সম্মতির পরিপ্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,

TKhanam
২৮/১১/২০২৩

(তানজিলা খানম)
উপসচিব
ফোন : ৫৫১০০৪৩২
ই-মেইল : college.sec5@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.১৫.০৬৭(এ).২১-১১৪৪

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪২৯ / ২৬ নভেম্বর ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (৩ কপিসহ) অর্থ বিভাগে প্রেরণ করা হলো। অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের ২২ নভেম্বর ২০২২ তারিখের ০৭.০০.০০০০.১৫৩.১৫.০৬০.২১-১০৯৩ সংখ্যক পত্রের মাধ্যমে পদসমূহ সৃজনের বিষয়ে সম্মতি জ্ঞাপন করেছে। এ সৃজনাদেশ পৃষ্ঠাঙ্কন করে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা-এর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

TKhanam
২৮/১১/২০২৩

(তানজিলা খানম)
উপসচিব

নম্বর- ০৭.০০.০০০০.১৫৩.১৫.০৬০.২১.১০৮৩ তারিখ: ২৯/১১/২০২৩

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা- এর নিকট প্রেরণ করা হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

২৯/১১/২০২৩

উপসচিব
ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৩
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
দেবাংশু কুমার সিংহ
সিনিয়র সহকারী সচিব

চলমান পাতা-০৩

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.১৫.০৬৭(এ).২১- ৯২৪৪

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪২৯ / ২৬ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, সওব্য, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
০২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষামন্ত্রণালয়, ঢাকা।
০৬) উপসচিব (সরকারি কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৭) উপসচিব (সরকারি কলেজ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৮) উপসচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০) সচিব মহোদয়-এঁর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১) অধ্যক্ষ, শহীদ তাজউদ্দিন আহমদ সরকারি ডিগ্রি কলেজ, কাপাসিয়া, গাজীপুর।
১২) অতিরিক্ত সচিব (কলেজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৩) অফিস কপি।

TKhanam
29/11/2023
(তানজিলা খানম)
উপসচিব